# এনআইএলজি নিউজলেটার

(এনআইএলজি'র কার্যক্রম সম্পর্কিত ত্রৈমাসিক নিউজলেটার)

ইস্যু সংখ্যাঃ ১৩ জুলাই-সেপ্টেম্বর, ২০২০খ্রি.

## প্রশিক্ষণ হ্যান্ডবুক চূড়ান্তকরণ কর্মশালা

এনআইএলজি ও ইউনিসেফ বাংলাদেশ এর যৌথ উদ্যোগে এনআইএলজি কর্তৃক বাস্তবায়িত "প্রশিক্ষণ হ্যান্ডবুক চূড়ান্তকরণ কর্মশালা" টি দিন ব্যাপী আয়োজন করা হয়। এ কর্মশালাটি ইউনিসেফ বাংলাদেশ অর্থায়নে অনুষ্ঠিত হয়। গত ১২ জুলাই, ২০২০ তারিখ এনআইএলজি'র কর্মকর্তা ও ইউনিসেফ বাংলাদেশ প্রতিনিধিগণের সমন্বয়ে কর্মশালাটি সম্পন্ন হয়েছে। কর্মশালাটির মূল প্রবন্ধের উপস্থাপক ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অতিরিক্ত সচিব ও জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি)'র পরিচালক (প্রশিক্ষণ ও পরামর্শ) , জনাব মোঃ গোলাম ইয়াহিয়া। প্রশিক্ষণ কর্মশালাটিতে মোট ৩ (তিন) জন আলোচক ছিলেন, (১) এনআইএলজি'র পরিচালক (প্রশাসন ও সমন্বয়) জনাব মোঃ বোরহান উদ্দিন ভূঞা, (২) এনআইএলজি'র পরিচালক (গবেষণা ও পরিকল্পনা) জনাব মোঃ আবদুল মালেক এবং (৩) ইউনিসেফ- বাংলাদেশ প্রতিনিধি ও কর্মসূচি বিশেষজ্ঞ মাঠ সেবা শাখার জনাব আনোয়ার হোসেন । কর্মশালাটিতে কর্মকর্তাগণের সমন্বয়ে দল গঠন ও দলীয় কাজ সম্পর্কে ধারণা দেয়া হয়। প্রশিক্ষণ কর্মশালাটিতে উন্মুক্ত আলোচনা ও সঞ্চালনার দায়িত্ব পালন করেন এনআইএলজি'র মহাপরিচালক ও গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অতিরিক্ত সচিব জনাব তপন কুমার কর্মকার। সকলের অংশগ্রহণ ও মতামতের ভিত্তিতে প্রশিক্ষণ হ্যান্ডবুক প্রয়োজনীয় সংশোধনান্তে চূড়ান্তকরণ করা হয়। কর্মশালাটির উদ্বোধনী ও সমাপন অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে ছিলেন এনআইএলজি'র মহাপরিচালক (অতিরিক্ত সচিব), জনাব তপন কুমার কর্মকার।

## শিশু কেন্দ্রীক পরিকল্পনা ও বাজেট প্রণয়ন বিষয়ক প্রশিক্ষক প্রশিক্ষণ কোর্স

ইউনিসেফ বাংলাদেশ এর অর্থায়নে বাস্তবায়িত শিশু কেন্দ্রীক পরিকল্পনা ও বাজেট প্রণয়ন বিষয়ক প্রশিক্ষক প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয় । এনআইএ-লজির ১৫ (পনের) জন কর্মকর্তা এতে অংশগ্রহণ করেন। গত ১৪-১৬ জুলাই, ২০২০, ০৩ (তিন) দিন মেয়াদে কোর্সটি বাস্তবায়িত হয়।



প্রশিক্ষণ কোর্সে যে সকল বিষয় নিয়ে আলোচনা ও প্রশিক্ষণ দেয়া হয় তা হলো উন্নয়ন পরিকল্পনা কি, জাতীয় ও স্থানীয় পরিকল্পনা, উপজেলা পর্যায়ে উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের আইনি কাঠামো, শিশু কেন্দ্রীক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন এবং বাজেট, স্থানীয় পরিকল্পনায় স্থানীয় জনগণের অংশগ্রহণের প্রয়োজনীয়তা, স্থানীয় পরিকল্পনায় সামাজিক অন্তর্ভুক্তি, পরিস্থিতি বিশ্লেষণ ও সম্পদের চিত্রায়ন: অনুশীলন, উপস্থাপন এবং মতামত প্রদান, পরিকল্পনা কি, উন্নয়ন পরিকল্পনা কি, পরিকল্পনার প্রয়োজনীয়তা, উর্দ্ধমুখী পরিকল্পনা প্রণয়নের বিবেচ্য বিষয়সমূহ, অংশগ্রহণমূলক উর্দ্ধমুখী পরিকল্পনা এবং এর উদ্দেশ্যসমূহ, ওয়ার্ড সভা, ইউনিয়ন পরিকল্পনা এবং উপজেলা পরিকল্পনার সম্পর্ক, ওয়ার্ড পরিকল্পনা প্রণয়ন প্রক্রিয়া, ইউনিয়ন পরিকল্পনা, উপজেলা পরিকল্পনা, প্রকল্প প্রণয়ন ও অনুমোদন. উপজেলা পরিষদের নারী ও শিশু কল্যাণ সম্পর্কিত কার্যক্রম, ইউনিয়ন ও উপজেলা পরিকল্পনার সম্পর্ক, উপাত্ত নির্ভর পরিকল্পনা, জাতীয় ও স্থানীয় পর্যায়ে উপাত্ত উৎস চিহ্নিতকরণ ও উপাত্ত সংগ্রহ, প্রমানক নির্ভর/উপাত্ত ভিত্তিক পরিকল্পনার প্রয়োজনীয়তা এবং এর বিবেচ্য বিষয়সমূহ বিশ্লেষণ, শিশুবান্ধব উন্নয়ন পরিকল্পনা প্রণয়নে যৌক্তিতা ও প্রয়োজনীয়তা, শিশু কেন্দ্রীক উন্নয়ন পরিকল্পনা প্রণয়নে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের করণীয়, অংশগ্রহণমূলক পরিকল্পনা নারী ও শিশুদের অংশগ্রহণ, পরিকল্পনা ও বাজেট পর্যালোচনা: অনুশীলন, উপস্থাপন এবং মতামত প্রদান, পরিকল্পনার শ্রেণিবিন্যাস, জাতীয় পরিকল্পনা, বাংলাদেশ সরকারের জাতীয় ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনার মূল লক্ষ্যসমূহ, উপজেলা পরিষদের পরিকল্পনার সাথে সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনার সাযুজ্যতা, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রাসমূহ, উপজেলা পরিষদের পরিকল্পনার সাথে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার সাযুজ্য/সম্পর্ক, ভবিষ্যৎ পরিকল্পনা ও বাজেট শিশু স্বার্থ সংশ্লিষ্ট বিষয়গুলো অন্তর্ভুক্তকরণ: অনুশীলন, উপস্থাপন এবং মতামত প্রদান। উপজেলা উন্নয়ন পরিকল্পন প্রণয়ন ও বাস্তবায়ন, বার্ষিক উন্নয়ন প্রকল্প পরীবিক্ষণ ও মূল্যায়ন, পঞ্চবার্ষিক পরিকল্পনা পরীবিক্ষণ ও মূল্যায়ন, প্রকল্প বাস্তবায়ন, তত্ত্বাবধান ও পর্যালোচনা, উর্দ্ধতন কর্মকর্তা কর্তৃক প্রকল্প পরিদর্শন, প্রতিবেদন প্রস্তুত ও প্রেরণ নিশ্চিতকরণ ইত্যাদি বিষয় অন্তর্ভুক্ত ছিল। কোর্সটিতে সহায়ক/ আলোচক হিসেবে ছিলেন ইউনিসেফ বাংলাদেশ প্রতিনিধি কর্মসূচি বিশেষজ্ঞ মাঠ সেবা শাখা, জনাব আনোয়ার হোসেন, এনআইএলজি'র পরিচালক (প্রশাসন ও সমন্বয়), জনাব মোঃ বোরহান উদ্দিন ভূঞা, এনআইএলজি'র পরিচালক (প্রশিক্ষণ ও পরামর্শ), জনাব মোঃ গোলাম ইয়াহিয়া, এনআইএলজি'র উপপরিচালক মো. আব্দুল খালেক এবং এনআইএলজি'র সহকারি পরিচালক জনাব কামরুন নাহার প্রমুখ কর্মকর্তার সমন্বয়ে কোর্সটি সম্পন্ন হয়। প্রশিক্ষণ কোর্সটির প্রারম্ভিক অধিবেশন উদ্বোধন এবং সমাপন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এনআইএলজি'র মহাপরিচালক ও গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অতিরিক্ত সচিব জনাব তপন কুমার কর্মকার।




## অভ্যন্তরীণ দক্ষতা বৃদ্ধি শীর্ষক প্রশিক্ষণ

এনআইএলজি'র কর্মকর্তাগণের জন্য ০১-০৩ সেপ্টেম্বর,২০২০ মেয়াদে ৩ (তিন) টি কোর্সে ৩০ জন, তৃতীয় শ্রেণির কর্মচারীর জন্য ২৮-৩০ সেপ্টেম্বর, ২০২০ মেয়াদে ৩ (তিন) কোর্সে ১৬ জন এবং চতুর্থ শ্রেণির কর্মচারীর জন্য ১৫-১৭ সেপ্টেম্বর, ২০২০ পর্যন্ত ৩ (তিন) দিন ব্যাপী কোর্সে ৩০ জন নিয়ে ভার্চুয়াল ক্লাস সম্পর্কিত কোর্স বাস্তবায়ন করা হয়। বাস্তবায়িত প্রশিক্ষণ কোর্সটি জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্দেশ মোতাবেক ৬০ ঘন্টার দক্ষতা বৃদ্ধির কার্যক্রমের আওতায় আয়োজন করা হয়। কোর্সটিতে এনআইএলজি'র মহাপরিচালক মহোদয় হতে শুরু করে সকল স্তরের কর্মকর্তা, কর্মচারীগণ উপস্থিত ছিলেন। ৩ (তিন) দিন ব্যাপী প্রশিক্ষণ কোর্সটিতে আলোচনার জন্য এটুআই (A2i) প্রকল্পের একটি ফ্যাসিলেটর'স টিম (Facilitarostors Teem) কে আমন্ত্রণ জানানো হয়। আমন্ত্রিত ৩ (তিন) জন ফ্যাসিলেটর'স টিম (Facilitarostors Team) Zoom Apps ব্যবহার করে প্রশিক্ষণ পরিচালনার বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। এতে Zoom Apps এর হোস্ট হিসেবে বা অংশগ্রহণকারী হিসেবে বিভিন্ন ধরণের Tools ব্যবহার সম্পর্কে আলোচনা করেন। এছাড়াও এটুআই (A2i) প্রস্তুতকৃত ভার্চুয়াল ক্লাস রুম প্লাটফর্ম, Create-room এবং অন্যান্য ভার্চুয়াল প্লাটফর্ম সম্পর্কেও পরিচিত করেন।

## ইউনিয়ন পরিষদের সচিবগণের জন্য বুনিয়াদি রিফ্রেশার্স কোর্স

এনআইএলজি ইউনিয়ন পরিষদের সচিবগণের জন্য ধারাবাহিকভাবে বুনিয়াদি প্রশিক্ষণের পাশাপাশি বুনিয়াদি রিফ্রেশার্স প্রশিক্ষণ কোর্সের আয়োজন করে আসছে। রাজস্ব অর্থায়নে এ কোর্সগুলো বাস্তবায়িত হয়েছে। গত জুলাই-সেপ্টেম্বর, ২০২০ মেয়াদে বুনিয়াদি রিফ্রেশার্স প্রশিক্ষণ কোর্স অনলাইন জুম অ্যাপ ব্যবহার করে বাস্তবায়ন করেছে। সর্বমোট ৩৫টি ব্যাচে কোর্সগুলো বাস্তবায়িত হয়। কোর্স পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন উপপরিচালক, সহকারী পরিচালকসহ এনআইএলজি'র অন্যান্য কর্মকর্তাগণ কোর্সগুলো উদ্বোধন করেন এনআইএলজি'র মহাপরিচালক ও গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অতিরিক্ত সচিব জনাব তপন কুমার কর্মকার।



এই কোর্সেটিতে অধিবেশন পরিচালনা পদ্ধতিতে আলোচক/প্রশিক্ষক হিসেবে বিভিন্ন অভিজ্ঞ ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। তাদের সেশনগুলো উল্লেখ করা হলোঃ লেকচার, অভিজ্ঞতা বিনিময় ও প্রশ্নোত্তর অনুশীলন অধিবেশনে ছিলেন জনপ্রশাসন মন্ত্রণালয় হতে জনাব শাহানারা খাতুন, যুগ্ম সচিব এবং এনআইএলজি'র ছিলেন জনাব মোঃ নুরুল ইসলাম, গবেষণা কর্মকর্তা লেকচার, অভিজ্ঞতা বিনিময় ও প্রশ্নোত্তর পর্বে ছিলেন স্থানীয় সরকার বিভাগের জনাব মো: আকবর হোসেন, সিনিয়র সহকারী সচিব এবং এনআইএলজি'র জনাব মো: ওমর ফারুক পারভেজ, সহকারী পরিচালক। অভিজ্ঞতা বিনিময় প্রশ্নোত্তর এ ছিলেন স্থানীয় সরকার বিভাগের জনাব মোঃ ইফতেখার আহমেদ চৌধুরী, উপসচিব (ইউপি-১), লেকচার প্রশ্নোত্তর এ ছিলেন মন্ত্রিপরিষদ বিভাগ, জনাব মোঃ মোখলেছুর রহমান, উপসচিব, স্থানীয় সরকার বিভাগ পর্যায়ে জনাব সায়লা ফারজানা, যুগ্মসচিব, এবং আরও ছিলেন এনআইএলজি'র জনাব মো. আবদুল খালেক, উপপরিচালক। লেকচার এ ছিলেন স্থানীয় সরকার বিভাগে জনাব মোহাম্মদ তানভীর আজম সিদ্দিকী, উপসচিব। লেকচার ও গ্রুপ আলোচনায় ছিলেন এনআইএলজি'র জনাব এ জেহাদ সরকার, সহকারী পরিচালক। ইউনিয়ন পরিষদ সচিবগণের জন্য বুনিয়াদি রিফ্রেশার্স প্রশিক্ষণ কোর্সটিতে আলোচনার বিষয়সমূহ ছিল: ইউনিয়ন পরিষদের বাজেট প্রণয়ন (তাত্ত্বিক), আইনগত ভিত্তি, বাজেট প্রণয়নের ধাপসমূহ, বাজেট এর ফরম্যাটসমূহ, সংশোধিত বাজেট প্রণয়ন প্রক্রিয়া, বাজেট মনিটরিং, বাজেট প্রস্তুত ও বাস্তবায়ন (ব্যবহারিক)। ইউনিয়ন পরিষদের হিসাব ব্যবস্থাপনা ও নীরিক্ষা, হিসাব ব্যবস্থাপনা সম্পর্কিত আইন ও বিধিসমূহ, হিসাব ব্যবস্থাপনায় ব্যবহৃত রেজিস্টারসমূহ, নিরীক্ষা আপত্তি প্রক্রিয়া, উৎস খাতের ভ্যাট কর্তন, ফাইলিং ও নোটিং, ফাইলিং ও নোটিংয়ের গুরুত্ব, ফাইলের কাঠামো ও শ্রেণি-করণ, নথির ও নোটিংয়ের লক্ষ্যণীয় দিকসমূহ, পত্র ও পত্রের প্রকারভেদ,ফাইল খোলা, নোট উপস্থাপন ও সিদ্ধান্তগ্রহণ, স্থানীয় সম্পদ চিহ্নিতকরণ ও আহরণ সম্পর্কিত উন্মুক্ত আলোচনা, জনাবদিহি উপকরণসমূহ, সেবা প্রদান প্রতিশ্রুতি (CC), অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS), জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS), তথ্য অধিকার (RTI), প্রশিক্ষণের উপযোগিতা, নৈতিকতা এবং মূল্যবোধ বিষয়ক মুক্ত আলোচনা, ইউনিয়ন পরিষদের সক্ষমতা অর্জন বিষয়ে মুক্ত আলোচনা, পঞ্চ বার্ষিক ও বার্ষিক পরিকল্পনা, পরিকল্পনা কাঠামো, আইনগতভিত্তি ও সংশ্লিষ্টবিধিসমূহ, পরিকল্পনা প্রক্রিয়া, ইউনিয়নের বর্তমান অবস্থা বিশ্লেষণ, ইউনিয়নের রূপকল্প ও অভিলক্ষ্য নির্ধারণ, ইউনিয়নের বৃহত্তর অথবা কৌশলগত বিষয়াদি সনাক্তকরণ, বৃহত্তর উদ্দেশ্য ও লক্ষ্যমাত্রা নির্ধারণ, উন্নয়ন লক্ষ্যমাত্রাসমূহ চিহ্নিতকালে এসডিজি ও ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনার সমন্বয় সাধন, সম্পদ চিহ্নিত-করণ, বাজেটের সার-সংক্ষেপ প্রস্তুতকরণ, পরিকল্পনা ডেমো বহিপ্রদর্শন, স্থানীয় সম্পদ আহরণ ও ব্যবস্থাপনা, কর নিরূপণ ও আদায় বিষয়ক স্থায়ী কমিটির দায়িত্ব ও কর্তব্য, ইউনিয়ন পরিষদের সম্পদ ও সম্পত্তিসমূহ এবং করসহ অন্যান্য আয়ের উৎসসমূহ, আইনগতভিত্তি, স্থানীয় সম্পদ চিহ্নিতকরণ ও আহরণ সম্পর্কিত আইন, বিধি ও অন্যান্য পলিসি Instruments পর্যালোচনা, কর নিরূপণ পদ্ধতি (বসতবাড়ি), কর নিরূপণে আদর্শ কর তফসিলের ব্যবহার, গ্রাম আদালত, বিচারকার্য পরিচালনা পদ্ধতি, গ্রাম আদালতের প্রয়োগিক দিকসমূহ, বিকল্প বিরোধ নিষ্পত্তি (ADR) ইত্যাদি বিষয় অন্তর্ভুক্ত ছিল। পরিশেষে কোর্স পরিচালক ও কোর্স সমন্বয়ক প্রশিক্ষণ প্রত্যাশা নিরূপণ, কোর্স মূল্যায়ন ও সমাপন করেন। কোর্সটিতে ইউনিয়ন পরিষদের সচিবগণ মোট ৫০৬ জন অংশগ্রহণকারী হিসেবে উপস্থিত ছিলেন, ৩ (তিন) দিন ব্যাপী কোর্স অনুষ্ঠিত হয় এবং এতে কোর্সের সংখ্যা ছিল ১৭টি।

## সম্পাদকীয়

এনআইএলজি নিউজলেটারের ত্রয়োদশ সংখ্যা পাঠকদের হাতে পৌঁছে দিতে পেরে আমরা আনন্দিত। প্রতিষ্ঠানের সম্পাদিত কার্যক্রম সংশ্লিষ্ট সকলকে অবহিত করার উদ্দেশ্যে আমাদের এই ক্ষুদ্র প্রয়াস। পাঠকের মতামত আমাদের এ প্রচেষ্টার উৎকর্ষ সাধনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। এনআইএলজি নিউজলেটার নিয়মিত প্রকাশে সংশ্লিষ্টদের সহযোগিতা সর্বদা অব্যাহত থাকবে বলে আশা রাখছি।


## উপদেষ্টা

জনাব সালেহ আহমদ মোজাফফর, মহাপরিচালক

## সম্পাদকমন্ডলী

জনাব মোঃ মনিরুজ্জামান, পরিচালক (গবেষণা ও পরিকল্পনা) - সম্পাদক
জনাব নুরুল ইসলাম, গবেষণা কর্মকর্তা - সদস্য
জনাব মোহাম্মদ আবদুল জলিল মল্লিক, প্রকাশনা কর্মকর্তা - সদস্য
জনাব মোঃ নাজিম উদ্দিন, ডকুমেন্টেশন কর্মকর্তা - সদস্য



**জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি)**

২৯, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।

পিএবিএক্স: ৫৫০০৬৯৯২, ৫৫০০৬৯৯৩, ফ্যাক্স: ৫৫০০৬৯৭৯, ৫৫০০৬৯৯৮
ই-মেইল: info@nilg.gov.bd, nilgbd@gmail.com
ফেসবুক: www.facebook.com/nilgbd, ওয়েবসাইট: nilg.gov.bd


বুক পোস্ট